গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২২২/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ২২ মে ২০১৯, ৮ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। উন্নত দেশ গড়তে সম্মিলিতভাবে কাজ করুন : পেশাজীবীদের সম্মানে ইফতারে প্রধানমন্ত্রী
২। ২ লাখ ২ হাজার কোটি টাকার এডিপি অনুমোদন
৩। মেঘনা ও গোমতী সেতুর নির্মাণ কাজ শেষ : আগামী ২৫ মে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৪। সরকারি প্রতিষ্ঠানের বকেয়া বিল দ্রুত পরিশোধের নির্দেশ প্রধানমন্ত্রীর
৫। গণতন্ত্র বিকাশে ভূমিকা রাখছে গণমাধ্যম : কূটনীতিক প্রতিনিধিদলকে স্পিকার
৬। কৃষি যান্ত্রিকীকরণে দেওয়া হবে তিন হাজার কোটি টাকা : কৃষিমন্ত্রী
৭। তথ্য মন্ত্রণালয়ের দায়িত্ব সরকারের সঙ্গে জনগণের যোগসূত্র তৈরি : তথ্যমন্ত্রী
প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী কাজ করতে চাই : নবনিযুক্ত তথ্য প্রতিমন্ত্রী
৮। বাংলাদেশ নয়, পাকিস্তান ভিসা দিচ্ছে না : পররাষ্ট্রমন্ত্রী
৯। হাসপাতালগুলোতে বেড ও আধুনিক সরঞ্জাম বেড়েছে : জেনেভায় স্বাস্থ্যমন্ত্রী
১০। অবৈধ অভিবাসনে উৎসাহ দেয় না বাংলাদেশ :
ব্র্যাক মিডিয়া অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১১। ট্রেনের আগাম টিকিট বিক্রি শুরু আজ
১২। জমি অধিগ্রহণ নিয়ে কোনো মামলা করা যাবে না
জেলা প্রশাসকের কাছে প্রতিকার চাওয়া যাবে : ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র জারি
১৩। আদালতের মর্যাদা ক্ষুণ্ন হয় এমন সংবাদ প্রচার নয় : সুপ্রিমকোর্ট
১৪। ঢাকার ৩৪ পয়েন্টে ওয়াসার পানি পরীক্ষার নির্দেশ হাইকোর্টের
১৫। দুধ ও গোখাদ্য পরীক্ষা করে প্রতিবেদন দাখিল করতে নির্দেশ হাইকোর্টের

চলমান পাতা-২

১। **উন্নত দেশ গড়তে সম্মিলিতভাবে কাজ করুন : পেশাজীবীদের সম্মানে ইফতারে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশে শান্তিশৃঙ্খলা বজায় রেখে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। বাংলাদেশকে মর্যাদার আসনে অধিষ্ঠিত করতে যার যার অবস্থান থেকে কাজ করতে হবে। উন্নয়নশীল বাংলাদেশকে উন্নত দেশের কাতারে নিতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান তিনি। গতকাল (২১ মে মঙ্গলবার) গণভবনে পেশাজীবীদের সম্মানে আয়োজিত ইফতার মাহফিল পূর্ব সংক্ষিপ্ত বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)**, নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

২। **২ লাখ ২ হাজার কোটি টাকার এডিপি অনুমোদন**

আসন্ন ২০১৯-২০২০ অর্থবছরের জন্য ২ লাখ ২ হাজার ৭২১ কোটি টাকার নতুন বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)। এরমধ্যে সরকারের অভ্যন্তরীণ উৎস (জিওবি) হতে ১ লাখ ৩০ হাজার ৯২১ কোটি টাকা, বৈদেশিক উৎস হতে ৭১ হাজার ৮০০ কোটি টাকা এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা করপোরেশনের নিজস্ব তহবিল হতে ১২ হাজার ৩৯৩ কোটি টাকা ব্যয়ের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এডিপিতে সর্বোচ্চ এক-পঞ্চমাংশের বেশি প্রায় ৫২ হাজার ৮০৬ কোটি টাকা (২৬.০৫%) বরাদ্দ দেওয়া হয়েছে পরিবহণখাতে। প্রধানমন্ত্রী ও এনইসি'র চেয়ারপারসন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (২১ মে মঙ্গলবার) শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত সভায় এ অনুমোদন দেয়া হয়। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৭)**, সংবাদ** (পৃ.১,ক.৫)**, নিউজ টুডে** (পৃ.১,ক.৫)**, অবজারভার** (পৃ.১,ক.৭)।

৩। **মেঘনা ও গোমতী সেতুর নির্মাণ কাজ শেষ : আগামী ২৫ মে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

নির্ধারিত সময়ের ৭ মাস আগেই শেষ হচ্ছে মেঘনা ও গোমতী দ্বিতীয় সেতু নির্মাণের কাজ। বেঁচে যাচ্ছে প্রায় দেড় হাজার কোটি টাকা। আগামী ২৫ মে খুলে দেয়া হচ্ছে সেতু দু'টি। ঐদিন ভিডিও কনফারেন্সের মাধ্যমে গণভবন থেকে সেতু দু'টির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬)।

৪। **সরকারি প্রতিষ্ঠানের বকেয়া বিল দ্রুত পরিশোধের নির্দেশ প্রধানমন্ত্রীর**

মন্ত্রণালয়, বিভাগ এবং সরকারি সংস্থাগুলোর বিদ্যুৎ, গ্যাস ও তেলের বকেয়া বিল দ্রুত পরিশোধ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২১ মে মঙ্গলবার) জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) সভায় প্রধানমন্ত্রী এ নির্দেশ দেন। পরিকল্পনামন্ত্রী জানান, যেসব প্রতিষ্ঠান ভূমি কর দিচ্ছে না তাদেরও দ্রুত কর পরিশোধ করতে বলেছেন প্রধানমন্ত্রী। অনেক মন্ত্রণালয় ও বিভাগের কাছে এসব বিল দীর্ঘদিন ধরে আটকে থাকে। এটা স্বচ্ছতার প্রশ্ন। বকেয়া বিল দ্রুত দিয়ে দেওয়া উচিত। প্রধানমন্ত্রী বকেয়া আদায়ে আগামী সাত দিনের মধ্যে নোটিশ জারির নির্দেশনাও দিয়েছেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১)।

৫। **গণতন্ত্র বিকাশে ভূমিকা রাখছে গণমাধ্যম : কূটনীতিক প্রতিনিধিদলকে স্পিকার**

বাংলাদেশে গণমাধ্যম ও সুশীল সমাজ বেশ শক্তিশালী বলে মন্তব্য করেছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (২১ মে মঙ্গলবার) সংসদ ভবনে বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী মিয়া সেপ্পোর নেতৃত্বে কূটনীতিক প্রতিনিধিদলের সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। স্পিকার আরো বলেন, সরকারের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতে সংসদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গণমাধ্যম ও সুশীল সমাজ গণতন্ত্রের বিকাশে কার্যকর ভূমিকা রাখছে। প্রতিনিধিদলে উপস্থিত ছিলেন নরওয়ে, সুইডেন, সুইজারল্যান্ড, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত ও হাইকমিশনারসহ কূটনীতিকগণ। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)**, সংবাদ** (শেষ পৃ,ক.৪)**, নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

৬। **কৃষি যান্ত্রিকীকরণে দেওয়া হবে তিন হাজার কোটি টাকা : কৃষিমন্ত্রী**

ধানকাটা ও লাগানোসহ কৃষি কাজে কৃষি শ্রমিক এখন একটা বড় সমস্যা। এর একমাত্র সমাধান কৃষি যান্ত্রিকীকরণ। আমরা যান্ত্রিকীকরণ শুরু করেছি এবং অচিরেই শতভাগ যান্ত্রিকীকরণ করবো। কৃষিতে নয় হাজার কোটি টাকা প্রতি বছর ভর্তুকি থাকে। এ টাকার প্রায় ছয় হাজার কোটি টাকা খরচ হয়। বাকী তিন হাজার কোটি টাকা যান্ত্রিকীকরণে ব্যয় করা হবে। গতকাল (২১ মে মঙ্গলবার) রাজধানীর বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল অডিটরিয়ামে সার সুপারিশমালা হাতবই-২০১৮ এর মোড়ক উন্মোচন এবং দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৪,ক.৮)**, সংবাদ** (পৃ.১৪,ক.৬)।

৭। **তথ্য মন্ত্রণালয়ের দায়িত্ব সরকারের সঙ্গে জনগণের যোগসূত্র তৈরি : তথ্যমন্ত্রী**
প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী কাজ করতে চাই : নবনিযুক্ত তথ্য প্রতিমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, তথ্য মন্ত্রণালয়ের দায়িত্ব সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরার পাশাপাশি জনগণের সঙ্গে যোগসূত্র তৈরি করা। গতকাল (২১ মে মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারী ও অধীনস্থ বিভিন্ন দপ্তর প্রধানদের সঙ্গে নবনিযুক্ত তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসানের পরিচিতি সভায় তিনি এ কথা বলেন। নবনিযুক্ত তথ্য প্রতিমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে তথ্যমন্ত্রী বলেন, এ মন্ত্রণালয় সরকারের অনেক গুরুত্বপূর্ণ কাজ করে থাকে। আমি চাই নতুন প্রতিমন্ত্রীর সঙ্গে টিম ওয়ার্ক করে কাজ করতে। দুজনে মিলে কাজ করলে আমাদের কাজ করা অনেক সহজ হবে। মন্ত্রণালয়ের কাজ করার ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করে তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী আমি কাজ করতে চাই। কাজ করার ক্ষেত্রে সবাই আমাকে সহযোগিতা করবেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)**, সংবাদ** (পৃ.২,ক.৮)**, ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৬)**, নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

৮। **বাংলাদেশ নয়, পাকিস্তান ভিসা দিচ্ছে না : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, পাকিস্তানি নাগরিকদের ভিসা বন্ধ করেনি বাংলাদেশ। বরং উল্টো বাংলাদেশিদের ভিসা দিচ্ছে না পাকিস্তান। গতকাল (২১ মে মঙ্গলবার) বিভিন্ন গণমাধ্যমে এ সংক্রান্ত খবর প্রকাশের পর প্রেস ব্রিফিং করেন পররাষ্ট্রমন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, সন্ত্রাসবাদের সঙ্গে সম্পর্ক কিংবা অন্য কোনো কারণে কোনো ব্যক্তিকে ভিসা নাও দেয়া হতে পারে। তবে ভিসা দেয়ার প্রক্রিয়া বন্ধ হয়নি। সংবাদপত্রে এ সংক্রান্ত ভুল তথ্য ছাপা হয়েছে। আমরা আশা করব, পাকিস্তান ভিসার পেন্ডিং কেসগুলো দ্রুত নিষ্পত্তি করবে। পাকিস্তানের সঙ্গে আমরা এ ব্যাপারে যোগাযোগ করছি। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ.ক.৫)**, সংবাদ** (পৃ.১,ক.১)**, নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)**, নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।

৯। **হাসপাতালগুলোতে বেড ও আধুনিক সরঞ্জাম বেড়েছে : জেনেভায় স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের আমলে দেশের ৬৪টি জেলার হাসপাতালগুলোতে ১৫০ ভাগ বেড ও আধুনিক চিকিৎসা সরঞ্জাম বৃদ্ধি করা হয়েছে। এছাড়া পাবলিক সেক্টরের ৪২টি মেডিকেল কলেজ হাসপাতাল ও ১৮টি উচ্চতর বিশেষায়িত হাসপাতাল প্রশিক্ষণকেন্দ্রের উন্নয়ন করা হয়েছে। গতকাল (২১ মে মঙ্গলবার) স্থানীয় সময় সকাল ১০টায় সুইজাল্যাণ্ডের জেনেভায় বিশ্ব স্বাস্থ্যসংস্থার কমনওয়েলথভুক্ত দেশসমূহের স্বাস্থ্যমন্ত্রীদের ৭২তম সম্মেলনে আনুষ্ঠানিক বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫)**, সমকাল** (পৃ.৩,ক.১)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৩)**, নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

১০। **অবৈধ অভিবাসনে উৎসাহ দেয় না বাংলাদেশ :**
ব্র্যাক মিডিয়া অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেছেন, অবৈধ অভিবাসনের পক্ষে নয় বাংলাদেশ। ভূমধ্যসাগর পাড়ি দিয়ে একজনও যদি ইউরোপ প্রবেশে সফল হয়, তা উদাহরণ হতে পারে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্পষ্ট নির্দেশ দিয়েছেন, অবৈধ অভিবাসনে উৎসাহ দেবে না বাংলাদেশ। গতকাল (২১ মে মঙ্গলবার) রাজধানীর মহাখালীতে ব্র্যাক সেন্টারে ব্র্যাক মিডিয়া অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১)**, ডেইলি সান** (শেষ পৃ,ক.৬)**, অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

১১। ট্রেনের আগাম টিকিট বিক্রি শুরু আজ

আজ (২২ মে বুধবার) থেকে শুরু হচ্ছে ট্রেনের আগাম টিকিট বিক্রি। প্রথম দিন দেওয়া হবে ৩১ মে যাত্রার টিকিট। আর আগাম টিকিট বিক্রি চলবে আগামী ২৬ মে পর্যন্ত। আর এবারই প্রথমবারের মতো কমলাপুর রেল স্টেশন ছাড়াও রাজধানীর ৪টি স্থান থেকে টিকিট বিক্রি করা হচ্ছে। এরমধ্যে কমলাপুর থেকে বিক্রি হবে সমগ্র পশ্চিমাঞ্চলগামী ট্রেনের টিকিট, বিমানবন্দর স্টেশন থেকে চট্টগ্রাম ও নোয়াখালীগামী আন্তঃনগর ট্রেনের টিকিট, তেজগাঁও থেকে ময়মনসিংহ ও জামালপুরগামী ট্রেনের টিকিট, বনানী থেকে নেত্রকোনাগামী মোহনগঞ্জ ও হাওড় এক্সপ্রেসের টিকিট ও ফুলবাড়িয়া (পুরাতন রেলওয়ে স্টেশন) থেকে সিলেট ও কিশোরগঞ্জগামী সব আন্তঃনগর ট্রেনের টিকিট বিক্রি করা হবে। ঢাকা থেকে সবগুলো আন্তঃনগর ট্রেন মিলিয়ে দিনে প্রায় ৩০ হাজার ট্রেনের টিকিট রয়েছে। এর মধ্যে ৫ ভাগ রেলওয়ে কমকর্তা কর্মচারী ও ৫ ভাগ ভিআইপি ছাড়া বাকি সব টিকিটের ৫০ শতাংশ অনলাইন, এসএমএস ও অ্যাপে পাওয়া যাবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

১২। জমি অধিগ্রহণ নিয়ে কোনো মামলা করা যাবে না
জেলা প্রশাসকের কাছে প্রতিকার চাওয়া যাবে : ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র জারি

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭-এর ৪ ধারার নোটিস জারির পর আর কোনো মামলা দায়ের করা যাবে না। তবে জেলা প্রশাসকের কাছে প্রতিকার চাওয়া যাবে। অধিগ্রহণ সম্পর্কিত ভূমি নিয়ে কোনো প্রকার মামলা-মোকদ্দমা দায়ের করা যাবে না, এমন বিধান রেখে এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করেছে ভূমি মন্ত্রণালয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

১৩। আদালতের মর্যাদা ক্ষুণ্ন হয় এমন সংবাদ প্রচার নয় : সুপ্রিমকোর্ট

বিচারাধীন মামলা নিয়ে সংবাদ পরিবেশনে বিরত থাকতে যে নির্দেশনা দিয়েছিলো সে বিষয়ে ব্যাখ্যা দিয়েছে সুপ্রিমকোর্ট। গতকাল (২১ মে মঙ্গলবার) জারিকৃত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সুপ্রিমকোর্ট সবসময় সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাসী। আদালতের ভাবমূর্তি ও মর্যাদা ক্ষুণ্ন হয় এবং বিচারকার্য প্রভাবিত হয় এমন সংবাদ পরিবেশন বা প্রচার প্রত্যাশিত নয়। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৩)।

১৪। ঢাকার ৩৪ পয়েন্টে ওয়াসার পানি পরীক্ষার নির্দেশ হাইকোর্টের

ঢাকার ৩৪টি পয়েন্ট থেকে ওয়াসার পানির নমুনা সংগ্রহ করে পরীক্ষার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আগামী ২ জুলাইয়ের মধ্যে এ সংক্রান্ত পরীক্ষা সম্পন্ন করে আদালতে প্রতিবেদন দাখিল করতে স্থানীয় সরকার বিভাগ গঠিত কমিটিকে নির্দেশ দেওয়া হয়েছে। বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি মো. খায়রুল আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (২১ মে মঙ্গলবার) এ আদেশ দেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৭) **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

১৫। দুধ ও গোখাদ্য পরীক্ষা করে প্রতিবেদন দাখিল করতে নির্দেশ হাইকোর্টের

দুধ, দই ও গোখাদ্য পরীক্ষা করে আদালতে প্রতিবেদন দাখিল করতে বিএসটিআই ও নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। সারাদেশ থেকে দুধ, দগ্ধজাত খাদ্যপণ্য ও পশু খাদ্যের নমুনা বাজার থেকে সংগ্রহ করে তা পরীক্ষা করে আগামী ২৩ জুনের মধ্যে এ প্রতিবেদন আদালতে দাখিল করতে সংস্থা দু'টির মহাপরিচালককে বলেছে আদালত। বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচাপতি কে এম হাফিজুল আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্জ গতকাল (২১ মে মঙ্গলবার) এ আদেশ দেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীর অনেক এলাকায় পানির সংকট চরম আকার ধারণ করেছে উল্লেখ করে সারাদেশে নিরাপদ ও সুপেয় পানি নিশ্চিতের সুপারিশ।

খ. **সমকাল :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রেলপথ সম্প্রসারণে জোর দেওয়ার নির্দেশনা দিয়েছেন উল্লেখ করে এর সাথে সাথে রেলসেবার মানোন্নয়নে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ :** অস্বাভাবিক হারে পলি পড়ায় ঢাকার সঙ্গে দক্ষিণাঞ্চলের ২১ জেলার যাতায়াতের অন্যতম মাধ্যম মাওয়ার শিমুলিয়া ও মাদারীপুরের কাঁঠালবাড়ী নৌরুটে নির্বিঘ্নে যাত্রী পারাপার নিয়ে সংশয় সৃষ্টি হয়েছে উল্লেখ করে আসন্ন ঈদের আগেই এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন, নিউএজ :** নিম্নমানের খাদ্যপণ্যের বিষয়ে কোনো আপস করবেন না বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী উল্লেখ করে খাদ্যপণ্যে ভেজালের বিরুদ্ধে কঠোর আইন প্রয়োগের পাশাপাশি সামাজিক প্রতিরোধ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ :** দেশে নিবন্ধিত মোটরসাইকেলের ৫৯ শতাংশ চালকেরই লাইসেন্স নেই উল্লেখ করে এসব বেপরোয়া চালকরা প্রায়ই দুর্ঘটনা ঘটানোয় এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

চ. **নিউজ টুডে :** দুষণের কারণে কাপ্তাই লেক মৃতপ্রায় এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এটি রক্ষায় যথাযথ পদক্ষেপ কামনা।

ছ. **ঢাকা ট্রিবিউন :** কৃষকরা যাতে তাদের উৎপাদিত ধানের ন্যায্যমূল্য পায় সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য কমিয়ে কৃষকের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য নিশ্চিত করতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'কৃষক বাঁচাতে ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করা হোক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশকে স্বনির্ভর ও কৃষিবান্ধব করতে কৃষির উপর গুরুত্ব দেওয়ার কোনো বিকল্প নেই।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা